

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ৯, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৬
প্রজ্ঞাপন

তারিখ : ১৪ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ/২৮ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩২.০০৯.১০-১৬৬ —বাংলাদেশ শ্রম আইন ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে ১৭ এপ্রিল/২০১৭ খ্রিঃ হতে ১৬ অক্টোবর/২০১৭ পর্যন্ত ০৬(ছয়) মাসের জন্য শতভাগ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্পকে উক্ত আইনের ধারা ১০০, ১০২ এবং ১০৫ এর প্রয়োগ হতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করল :

শর্তাবলী :

- (১) অতিরিক্ত সময় কাজের জন্য প্রচলিত বিধান মোতাবেক সাধারণ হারের দ্বিগুণ হারে ভাতা প্রদান করতে হবে।
- (২) কোন শ্রমিক দ্বারা তার সম্মতি ব্যতিরেকে কোন কার্যদিবসে অতিরিক্ত ০৪(চার) ঘণ্টার অধিক সময় কাজ করানো যাবে না।
- (৩) সাপ্তাহিক ছুটি প্রদান করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
শাকিলা জেরিন আহমেদ
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.

(৩৪১৩)

মূল্য : টাকা ৪.০০